The Bangladesh Times

516P80

094

# আজ সারাদেশে এইচএসসি পরীক্ষা শুরু

(ইত্তেফাক রিপোর্ট)

আজ (বৃহস্পতিবার) হইতে সারাদেশে চারটি শিক্ষা বোর্ডের অধীনে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা শুরু হইতেছে। মোট ৮৮ হাজার ৫ শত ৩ জন পরীক্ষার্থী তালিকাভুক্ত হইয়াছেন।

ঢাকা বোর্ডের বিভিন্ন শাখায় তালিকাভুক্ত সর্বমোট পরীক্ষার্থীর সংখ্যা ৩৬ হাজার ৮ শত ৩৭ জন। উহার মধ্যে ৬ হাজার ৩ শত ৫২ জন মহিলা। ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের পরীক্ষার্থীদের মধ্যে কলা শাখায় ১৫ হাজার ৭৩ জন, বিজ্ঞান শাখায় ১৬ হাজার ৩ শত ৮০ জন এবং বাণিজ্য শাখায় রহিয়াছেন ৪ হাজার ৭ শত ২৩ জন। ঢাকা বোর্ডের অধীনে বিদেশে ব্রাসেলস এবং লণ্ডনের দুইটি কেন্দ্রসহ মোট ৭৩টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হইবে।

ঢাকা মহানগরীর ১৯টি উপ-

(৮ম পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## এইচএসসি পরীক্ষা শুরু

(১ম পৃঃ পর)

কেন্দ্রে বিভিন্ন শাখায় মোট ১১ হাজার ৯ শত ২৮ জন পরীক্ষার্থী রহিয়াছেন, তাঁহাদের মধ্যে ৩ হাজার ২ শত ৬০ জন মহিলা।

যশোর হইতে আমাদের ষ্টাফ রিপোর্টার জানান, যশোর বোর্ডের ৭৭টি কেন্দ্রে ৩ হাজার ৭ শত ৪৪ জন মহিলা, ৫ শত ৯৩ জন প্রাইভেটসহ মোট ২৫ হাজার ৭ শত ৬৬ জন পরীক্ষার্থী এবারকার পরীক্ষায় অংশগ্রহণ করিতেছেন।

ঠাকুরগাঁ (দিনাজপুর) হইতে আমাদের সংবাদদাতা জানাইয়াছেন। ঠাকুরগাঁ সরকারী কলেজ কেন্দ্রের জন্য রাজশাহী বোর্ড কর্তৃক প্রেরিত উচ্চ মাধ্যমিক পরীক্ষার খাতা বৃষ্টির পানিতে ভিজিয়া সম্পূর্ণ নষ্ট হইয়া গিয়াছে। প্রকাশ, গত ২৬শে মে রাত্রে প্রচণ্ড ঘূর্ণিঝড়ে কলেজের অফিস ভবনের টিনের ছাদ উড়িয়া যায়।